DESCO
POWER IS YOURS
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোন-+৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স-+৮৮ ০২৮৯০০১০০
ই-মেইল: info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট: www.desco.gov.bd, www.desco.org.bd

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.১৮.০০৩.২২ ২২৪৩ তারিখ ঃ শ্রাবণ ২৪, ১৪২৯
August 08, 2022

**বিষয়ঃ ১৫ আগস্ট ২০২২ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২২ পালন উপলক্ষে ডেসকো'র গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফলোআপ সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ কাওসার আমীর আলী
ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
সভার তারিখ : ০৮/০৮/২০২২ খ্রিঃ
সভার সময় : বিকাল ০৪: ০০ ঘটিকা
সভার উপস্থিতি : নির্বাহী পরিচালক মহোদয়গণ ও প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপকবৃন্দ, ডেসকো (পরিশিষ্ট-ক)।

সভার শুরুতেই সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচি এবং বিদ্যুৎ বিভাগের কর্মসূচির সঙ্গে সমন্বয় রেখে ডেসকো কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২২ পালনের জন্য ৩১ শে জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য অদ্যকার ফলোআপ সভার আয়োজন করা হয়েছে।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সংশ্লিষ্ট তথ্য সভায় উপস্থাপন করেন। সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নিকট থেকে তাদের প্রস্তুতির অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হয়। বিস্তারিত আলোচনাক্রমে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে **'জাতীয় শোক দিবস ২০২২'** পালন উপলক্ষে সময়সূচিসহ নিম্নবর্ণিত কর্মসূচি চূড়ান্ত করা হয়।

| ক্রমিক | কার্যক্রম | বিবরণ | সময়সূচি | বাস্তবায়নকারী/অংশগ্রহণকারী |
|---|---|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল দপ্তর/বিভাগে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ | আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষে ডেসকো'র প্রধান কার্যালয় ও আওতাধীন সকল দপ্তর/বিভাগে সঠিক নিয়মে, সঠিক রঙ ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। এক্ষেত্রে **"দি ফ্ল্যাগ রুলস ১৯৭২"** অনুসরণপূর্বক জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। | সকাল ৭:৩০ ঘটিকা | প্রধান কার্যালয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ এবং বিওবি বিভাগে দপ্তর প্রধানসহ কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত থাকবেন। সংশ্লিষ্ট কমিটি কার্যক্রম সমন্বয় করবে। |
| ২ | অসহায় ও দুঃস্থদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ | আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষে ডেসকো'র আওতাধীন এলাকায় অসহায় ও দুঃস্থদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হবে। | প্রধান কার্যালয়ে সকাল ০৭:৪৫ ঘটিকা<br>বিওবি বিভাগসমূহে সুবিধাজনক সময়ে | প্রশাসন বিভাগ সার্বিক কার্যক্রম সমন্বয় করবে। |
| ৩ | প্রধান কার্যালয়ের মুজিব কর্নারে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন | ১৫ আগস্ট ২০২২ তারিখে ডেসকো'র প্রধান কার্যালয়ে স্থাপিত মুজিব কর্নারে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। | সকাল ৮:০০ ঘটিকা | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে ঊর্ধ্বতন কর্মকর্তাগণ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করবেন। |

DESCO
POWER IS YOURS
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোন-+৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স-+৮৮ ০২৮৯০০১০০
ই-মেইল: info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট: www.desco.gov.bd, www.desco.org.bd

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.১৮.০০৩.২২ ৯২৪৩ তারিখ ঃ শ্রাবণ ২৪, ১৪২৯ / August 08, 2022

| ক্রমিক | কার্যক্রম | বিবরণ | সময়সূচি | বাস্তবায়নকারী/অংশগ্রহণকারী |
|---|---|---|---|---|
| ৪ | আলোচনা সভা আয়োজন | জাতীয় শোক দিবস-২০২২ পালন উপলক্ষে ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় ডেসকো'র প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরে আলোচনা সভার আয়োজন করা হবে। বিক্রয় ও বিতরণ বিভাগসহ সকল দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ ভার্চুয়াল মাধ্যমে উক্ত আলোচনা সভায় অংশগ্রহণ করবেন। | সকাল ০৯:০০ ঘটিকা | তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরে আয়োজিত আলোচনা সভায় সরাসরি অংশগ্রহণ করবেন। বিওবি বিভাগসহ সকল দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ ভার্চুয়াল মাধ্যমে আলোচনা সভায় অংশগ্রহণ করবেন। |
| ৫ | দোয়া-মাহফিলের আয়োজন | ১৫ আগস্ট প্রত্যুষে জাতীয় পতাকা অর্ধনমিতকরণের পর সকল দপ্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | সকাল ০৮:০০ ঘটিকা | নির্বাহী প্রকৌশলী (সকল বিওবি বিভাগ) |
| | | ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রধান কার্যালয় সংলগ্ন আল মাদ্রাসাতুন নূরিয়া ও এতিমখানায় পবিত্র কোরআন খতম এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়ার আয়োজন করা হবে। | বেলা ১১:০০ ঘটিকা | সংশ্লিষ্ট কমিটি মাদ্রাসায় পবিত্র কোরআন খতম ও এতিম/অসহায় ও দুঃস্থদের মাঝে খাবার বিতরণ করবে। |
| ৬ | ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল দপ্তরে ড্রপডাউন ব্যানার এবং স্ট্যান্ড ব্যানার স্থাপন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষে ১ আগস্ট থেকে ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল দপ্তরে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে ড্রপডাউন ব্যানার এবং স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। | মাসব্যাপী | সকল দপ্তরে ড্রপডাউট ব্যানার, ফেস্টুন স্থাপন করা হয়েছে। |
| ৭ | শোকের আবহ ধারণ করে কালো ব্যাজ ধারণ | জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আগামী ১ আগস্ট ২০২২ তারিখ থেকে মাসব্যাপী ডেসকো'র সকল কর্মকর্তা-কর্মচারীগণ কালো ব্যাজ ধারণ করবেন। | মাসব্যাপী | সকল কর্মকর্তা/কর্মচারীগণ কালো ব্যাজ ধারণ করছেন।। |
| ৮ | ওয়েবসাইট/ ফেইসবুক পেইজে শোকাবহ মুভমেন্ট পোর্টাল স্থাপন | জাতীয় শোক দিবস উপলক্ষে ডেসকো'র ওয়েবসাইট/ফেইসবুক পেইজে শোকাবহ মুভমেন্ট পোর্টাল স্থাপন করা হবে। | মাসব্যাপী | জাতীয় শোক দিবস উপলক্ষে ডেসকো'র ওয়েবসাইট/ ফেইসবুক পেইজে শোকাবহ মুভমেন্ট পোর্টাল স্থাপন করা হয়েছে। |
| ৯ | বিশেষ ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে ডেসকো'র পক্ষ হতে পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হবে। | ১৫ আগস্ট ২০২২ | এলএন্ডজিএস দপ্তর কর্তৃক জাতীয় শোক দিবস উপলক্ষে পত্রিকায় ব্যানার বিজ্ঞাপন ছাপানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ১০ | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | জাতীয় শোক দিবসের কর্মসূচি সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে যে সেকল স্থানে অনুষ্ঠান হবে সে সকল স্থানসহ ডেসকো'র আওতাধীন এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে পৃথক অফিস আদেশ জারি করা হবে। | ১৫ আগস্ট ২০২২ দিনব্যাপী | এতদ্‌বিষয়ে অফিস আদেশ জারি করা হয়েছে। অপারেশন বিভাগ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবে। |

DESCO
POWER IS YOURS
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
ফোন-+৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স-+৮৮ ০২৮৯০০১০০
ই-মেইল: info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট: www.desco.gov.bd, www.desco.org.bd

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.১৮.০০৩.২২ ২২৪৩ তারিখ ঃ শ্রাবণ ২৪, ১৪২৯ / August 08, 2022

| ক্রমিক | কার্যক্রম | বিবরণ | সময়সূচি | বাস্তবায়নকারী/অংশগ্রহণকারী |
|---|---|---|---|---|
| ১১ | সকল কর্মকর্তা/কর্মচারী স্ব-স্ব কর্মস্থলে অবস্থান | জাতীয় শোক দিবসে ডেসকো'র সকল কর্মকর্তা-কর্মচারীগণ স্ব স্ব কর্মস্থলে অবস্থান করবেন। এ বিষয়ে পৃথক অফিস আদেশ জারি করা হবে। | ১৫ আগস্ট ২০২২ | এতদ্‌বিষয়ে অফিস আদেশ জারি করা হয়েছে। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করবেন। |
| ১২ | বঙ্গবন্ধু কর্নারে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক গ্রন্থসমূহ সংগ্রহ এবং প্রদর্শন | জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল বিওবি বিভাগে স্থাপিত বঙ্গবন্ধু কর্নার পরিষ্কার-পরিচ্ছন্ন করাসহ সৌন্দর্যবর্ধনের ব্যবস্থা গ্রহণ করা হবে। বঙ্গবন্ধু কর্নারে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়াচীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থসহ বঙ্গবন্ধুকে নিয়ে লিখিত গ্রন্থসমূহ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১৫ আগস্ট ২০২২ দিনব্যাপী | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ নির্দেশনা বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করবেন। |
| ১৩ | প্রস্তুতিমূলক ও ফলো-আপ সভার আয়োজন | যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষে জুলাই মাসে একটি প্রস্তুতিমূলক সভা আয়োজনের অংশ হিসেবে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। আগস্ট ২০২২ মাসের প্রথম সপ্তাহে একটি ফলোআপ সভার আয়োজন করা হবে। | ফলোআপ সভা, ৮ আগস্ট ২০২২ | ৩১ শে জুলাই ২০২২ এ অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ৯ আগস্ট ২০২২ তারিখে ফলোআপ সভার আয়োজন করা হয়েছে। |
| ১৪ | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্য বিধি অনুসরণ | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | ১৫ আগস্ট দিনব্যাপী | ▪ সকল বিভাগ ও দপ্তর |

০৩। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ কাওসার আমীর আলী
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপিঃ

১। নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর/অর্থ ও হিসাব/প্রকৌশল/অপারেশন/সংগ্রহ), ডেসকো।
২। প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (নর্থ/সেন্ট্রাল/সাউথ জোন)/ডিএন্ডপি/পি এন্ড ডি/নেটওয়ার্ক অপারেশন/পিএমপিএন্ডএসএম/আইসিটি/মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/প্রকল্প পরিচালক (স্ক্যাডা/গুলশান ভূগর্ভস্থ গ্রিড উপকেন্দ্র নির্মাণ/প্রধান কার্যালয় ভবন নির্মাণ)।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি/ডিএন্ডএমডব্লিউ/এমপিএন্ডএস/নেটওয়ার্ক এন্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর /এমআইএস এন্ড সফটওয়্যার /এসএন্ডডি অপারেশন (টঙ্গী/উত্তরা/দক্ষিণখান/বারিধারা/গুলশান/পল্লবী/ আগারগাঁও/রূপনগর সার্কেল)/ পিআইএন্ডটি/ জিএসপিএন্ডইএ/এমভিএসএসএম/প্রকল্প পরিচালক (স্মার্ট প্রি-পেমেন্ট মিটার/ ইউজি ক্যাবল)/কোম্পানি সচিব/ উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন/ এইচআরএম/অর্থ/হিসাব/অভ্যন্তরীণ নিরীক্ষা)।
৪। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (টঙ্গী (পূর্ব)/ টঙ্গী (সেন্ট্রাল)/ টঙ্গী (পশ্চিম)/ উত্তরা (পূর্ব)/ উত্তরা (পশ্চিম)/তুরাগ/উত্তরখান/দক্ষিণখান/শাহ্‌কবির/বারিধারা/বসুন্ধরা/খিলক্ষেত/বাড্ডা/গুলশান/জোয়ারসাহারা/ পল্লবী/কাফরুল/ইব্রাহীমপুর/আগারগাঁও/মণিপুর/কল্যাণপুর/শাহআলী/রূপনগর/ইস্টার্ন হাউজিং)/মনিটরিং সেল/সেন্ট্রাল স্টোর/মিটার ওয়ার্কশপ/টিএন্ডআর/টিএন্ডডি/স্টাফ অফিসার টু এমডি/ব্যবস্থাপক (এলএন্ডজিএস/ইএন্ডএলএ/সাব-স্টোর/নিরাপত্তা)।
৫। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
৬। অফিস কপি, ডেসকো।


d:\15th august 2022\minutes 15th august.doc